আলমডাঙ্গায় বিদ্যুৎস্পৃষ্টে গৃহবধূর মৃত্যু

আলমডাঙ্গায় রাইস কুকারের প্লাগ সংযোগ করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে গৃহবধূর মৃত্যু হয়েছে।

আলমডাঙ্গায় সকালে রান্না করার সময় রাইস কুকারের প্লাগ সংযোগ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সাহারন খাতুন (৪৫) নামের এক গৃহবধূর মর্মান্তিক মৃত্যু হয়েছে। রোববার (২ আগস্ট) সকালে উপজেলার আসাননগর গ্রামে এই দুর্ঘটনাটি ঘটে।

নিহত সাহারন খাতুন আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়নের আসাননগর গ্রামের মাসুদ আলীর স্ত্রী।

স্থানীয় ও পরিবার সূত্রে জানা যায়, সকালে প্রতিদিনের মতো ভাত রান্নার প্রস্তুতি নিচ্ছিলেন সাহারন খাতুন। এ সময় রাইস কুকারের বৈদ্যুতিক প্লাগটি সকেটে লাগাতে গেলে তিনি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর অসুস্থ হয়ে পড়েন। বেশ কিছুক্ষণ পর পরিবারের সদস্যরা বিষয়টি টের পেয়ে ঘটনাস্থলে গিয়ে তাঁকে মৃত অবস্থায় দেখতে পায়।

ঘটনার সত্যতা নিশ্চিত করে আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, বিদ্যুৎস্পৃষ্টে মৃত্যুর এই ঘটনায় পরিবারের পক্ষ থেকে থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে। পুলিশ বিষয়টি নিয়ে তদন্ত চালাচ্ছে। প্রাথমিক তদন্তে বিদ্যুৎস্পৃষ্টে মৃত্যুর বিষয়টি নিশ্চিত হলে ময়নাতদন্ত ছাড়াই স্বজনদের কাছে লাশ দাফনের অনুমতি দেওয়া হবে।

ঝিনাইদহে ফলবোঝাই পিকাপের চাকায় পিষ্ট হয়ে গৃহবধূর

মৃত্যু

ঝিনাইদহে ফলবোঝাই পিকাপের চাকায় পিষ্ট হয়ে অঞ্জনা আক্তার (৩৩) নামের এক গৃহবধূর মৃত্যু হয়েছে। আজ শুক্রবার (১৮ অক্টোবর) বিকাল সাড়ে ৫টার দিকে ঝিনাইদহের তাসলিম ক্লিনিকের সামনে এ ঘটনা ঘটে। অঞ্জনা আক্তার যশোর চুড়ামনকাটির বাসিন্দা। তবে তিনি ঝিনাইদহের হামদহ এলাকায় ভাড়া বাড়িতে বসবাস করেন।

প্রত্যক্ষদর্শীরা বলেন, রিক্সায় করে শহরের চাকলাপাড়া যাওয়ার সময় ঝিনাইদহের তাসলিম ক্লিনিকের সামনে রিক্সা সাইড দেওয়ার সময় সে রিক্সা থেকে পড়ে যায় এমন সময় একটি ফলবোঝাই পিকাপ অঞ্জনা আক্তারকে চাপা দেয়। এ সময় পিকাপের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়। নিহত অঞ্জনা আক্তারের মা বলেন, আমার মেয়ের ২টি ছেলে সন্তান আছে, কয়েক মাস আগে আমার মেয়ের ডিভোর্স হয়েছে এখন মা ও মারা গেল ছেলে দুটি এতিম হয়ে গেল!। পরে ঝিনাইদহে ফায়ার সার্ভিস স্টেশনের লোকজন এসে তাঁর মরদেহ উদ্ধার করেন।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আবদুল্লাহ আল মামুন বলেন, ঝিনাইদহে থানা-পুলিশ পিকাপ এবং চালকে আটক করেছে। নিহত অঞ্জনা আক্তারের মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে,পরিবারের লোকজন বাদী হলে নিয়মিত মামলা করা হবে।

গাংনীতে হিট স্ট্রোকে গৃহবধূর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে হিট স্ট্রোকে শিল্পি খাতুন (৪৫) নামে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। আজ রবিবার (২১ এপ্রিল) সকাল ৮টায় উপজেলার ষোলটাকা ইউনিয়নের রুয়েরকান্দি গ্রামে এ ঘটনা ঘটে। শিল্পি খাতুন রুয়েরকান্দি গ্রামের আবু তাহেরের স্ত্রী ও পার্শ্ববর্তী আমতৈল গ্রামের বিল্লাল হোসেন মালিথার মেয়ে।

শিল্পি খাতুনের ছেলে রওনক হোসেন জানান, আমার মা সকালে বাড়িতে কাজ করছিলেন। কাজ করতে করতে প্রচণ্ড গরমে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। হাসপাতালে নেওয়ার সময় মারা যান তিনি।

রওনক হোসেন আরো বলেন, আমার মায়ের কোনো অসুখ ছিল না। তিনি একজন সুস্থ মানুষ ছিলেন।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিস সূত্র জানায়, গত কয়েকদিন ধরে মেহেরপুর ও পার্শ্ববর্তী চুয়াডাঙ্গা জেলার ওপর দিয়ে তীব্র তাপদাহ বয়ে যাচ্ছে। গতকাল শনিবার সন্ধ্যায় ৬টা পর্যন্ত মেহেরপুর জেলার তাপমাত্রা ছিল ৪২.৩ ডিগ্রি সেলসিয়াস।

এছাড়াও তীব্র তাপদাহে শ্রমজীবী মানুষসহ সব শ্রেণিপেশার মানুষের জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে।